# শির্ক কী ও কেন?

বিভাগ/অধ্যায়ঃ প্রথম পরিচ্ছেদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. মুহাম্মদ মুয্‌যাম্মিল আলী

দু‘আর প্রকার (أنواع الدعاء)

দু‘আ বা আহ্বান দু’প্রকার :

এক. কিছু চাওয়ার দু‘আ (دعاء مسألة) : যে সব বস্তু জীবিত মানুষদের স্বাভাবিক শক্তি ও সামর্থ্যের মধ্যে রয়েছে, ইচ্ছা করলে তারা তা অপরকে দিতে পারে, বা দেওয়ার ক্ষেত্রে সাহায্য করতে পারে, এমন বস্তু কোনো মানুষের কাছে চাওয়া যেতে পারে। তবে যা দান করা বা দানের ক্ষেত্রে সাহায্য করা মানুষের সাধ্যের বাইরে, তা আল্লাহর কাছেই চাইতে হবে। এ জাতীয় বস্তু আল্লাহর কাছে চাওয়াকেই ‘দু‘আ-উ মাসআলা’ বা ‘যাচঞ্ঞা জাতীয় প্রার্থনা’ বলা হয়।

দুই. দু‘আ-উ ইবাদাত : অপারগতা, দুর্বলতা ও বিনয় প্রকাশের জন্য যে দু‘আ করা হয়, তাকে দু‘আয়ে ইবাদাত বলা হয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12523

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন